

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)  
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.১১১.২৩ নথির বিষয়: Repairing, maintenance and servicing of 03(Three) nos 1.5 Ton(1800 BTU) General brand air conditioner of Dhaka water works.  
নোট: ১ নোটের বিষয়: Repairing, maintenance and servicing of 03(Three) nos 1.5 Ton(1800 BTU) General brand air conditioner of Dhaka water works কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

**অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৮/৮/২৩ ১০:২৫ পূর্বাহ্ন**

সংযুক্তি ক্র: নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট পানি শোধনাগারের ল্যাবরেটরী ও প্রশাসনিক ভবনে ১.৫ টন ক্যাপাসিটির মোট ৩ টি স্পিলিট টাইপ এয়ার কন্ডিশনার রয়েছে। বিদ্যমান এসিগুলো ১৯৯৭ সালে প্লাস্ট বি.এম.আর.ই করার সময়ে স্থাপন করা হয়েছে। পানির কোয়ালিটির বিভিন্ন প্যারামিটার টেস্টিং এর জন্য ল্যাবরেটরীতে বিভিন্ন টেস্টিং ইকুইপমেন্টস ও রি-এজেন্ট রয়েছে। এগুলো নিদিষ্ট তাপমাত্রায় রাখার জন্য ল্যাবরেটরীর এসিগুলো সার্বক্ষণিক চালু থাকে। সেই কারণে উক্ত এসিগুলোতে গ্যাস লিকেজসহ বিভিন্ন ত্রুটি দেখা দেয়। সেই কারণে এসিগুলো মেরামত ও সার্ভিসিং করা প্রয়োজন। এছাড়া দীর্ঘদিন ধরে ব্যবহারের ফলে ওয়াটার ওয়ার্কসের প্রশাসনিক ভবনের এসিটিতেও ত্রুটি দেখা দিচ্ছে। এসিগুলো একটানা চালু থাকার ফলে এর ইনডোর ও আউটডোর অংশে ধূলা-বালি জমে ও কপার টিউব লিকেজ হয়ে হয়ে দুর্ঘটনা ঘটার আশঙ্ক্য থাকে এবং গ্যাসও কমে যায়। সেই কারণে এগুলো মেরামত ও সার্ভিসিংসহ গ্যাস রি-ফিলিং করা প্রয়োজন। সেই আলোকে মডস জোন-২ এর আওতাধীন ঢাকা ওয়াটার ওয়ার্কস এর পুরাতন ৩(তিন)টি এয়ার কন্ডিশনার মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের জন্য বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:২৩,৯০০.০০ (তেইশ হাজার নয়শত) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১০৭, প্যাকেজ নং-ইউইউএস-১ থোক বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

**সংযুক্তিসমূহ (৩):**

- ১। মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার থোক বরাদ্দের কপি।
- ২। দরের স্বপক্ষে ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রস্তাবনা কপি।
- ৩। ০৩(তিন) এয়ার কন্ডিশনার মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের প্রাক্কলন।

**অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৮/৮/২৩ ১০:২৬ পূর্বাহ্ন**

চাঁদনীঘাট পানি শোধনাগারের ল্যাবরেটরী ও প্রশাসনিক ভবনের ১.৫ টন ক্যাপাসিটির মোট ৩ টি স্পিলিট টাইপ এয়ার কন্ডিশনার মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের খরচ পিপিআর ২০০৮ এর ৮১(১) ধারায় সরাসরি নগদ ক্রয় এ করা যেতে পারে।

**অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৮/৮/২৩ ১০:২৭ পূর্বাহ্ন**


এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে জরুরী বিবেচনায় মডস জোন-২ এর আওতাধীন চাঁদনীঘাট পানি শোধনাগারের ল্যাবরেটরী ও প্রশাসনিক ভবনের ১.৫ টন ক্যাপাসিটির মোট ৩ টি স্পিলিট টাইপ এয়ার কন্ডিশনার মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজে উপস্থাপিত সর্বমোট টা:২৩,৯০০.০০ (তেইশ হাজার নয়শত) টাকা কাজের খরচের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৮১(১) ধারায় সরাসরি নগদ ক্রয় এর মাধ্যমে সম্পাদন করার অনুমোদন দেয়া যেতে পারে। পরবর্তিতে খরচের হিসাব প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।



২৮/৮/২৩ ১০:৫৩ পূর্বাহ্ন  
সম্রাট মিয়া  
উপ-সহকারী প্রকৌশলী  
মডস জোন-২



২৮/৮/২৩ ১২:৩৮ অপরাহ্ন  
মোঃ ইলিয়াস হোসেন  
সহকারী প্রকৌশলী  
মডস জোন-২



২৯/৮/২৩ ৪:৪৪ অপরাহ্ন  
মোহাম্মদ নজরুল ইসলাম  
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)  
মডস জোন-২



৩০/৮/২৩ ১০:০২ পূর্বাহ্ন  
মোঃ আব্দুল মজিদ  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)  
মডস সার্কেল-১


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

৩০/৮/২৩ ১০:০২ পূর্বাহ্ন  
মোঃ কামরুল হাসান  
প্রধান প্রকৌশলী  
প্রধান প্রকৌশলী (পরিচালন ও  
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৩০/৮/২৩ ১০:৫৮ পূর্বাহ্ন  
অনুমোদিত



৩০/৮/২৩ ১০:৫৯ পূর্বাহ্ন  
মোঃ কামরুল হাসান  
প্রধান প্রকৌশলী  
প্রধান প্রকৌশলী (পরিচালন ও  
রক্ষণাবেক্ষণ)



৩০/৮/২৩ ১:০২ অপরাহ্ন  
মোহাম্মদ নজরুল ইসলাম  
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)  
মডস জোন-২

৩০/৮/২৩ ১:০২ অপরাহ্ন  
সম্মাট মিয়া  
উপ-সহকারী প্রকৌশলী  
মডস জোন-২